AME (ILT RTHD) 02/04/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০৬.০১৩.১৭-১৪৭ তারিখঃ ০২-০৪-২০১৮

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত ৪৭টি গুরুত্বপূর্ণ জিওবি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২১ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (নিকস ফন্টে হার্ড ও সফট কপি) ও ই-মেইল (sajalpol@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

02/04/2018

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭-৮। অতিরিক্ত সচিব (বাজেট/উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০। যুগ্ম-সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। মহা পরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১২। মহা পরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কন্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৩। প্রকল্প পরিচালক, ঢাকা-সিলেট মহাসড়কের ভূলতায় ৪ লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪। প্রকল্প পরিচালক, সস্রাইল-আলফাডাঙ্গা-কাশিয়ানী সড়কের উন্নয়নসহ ফরিদপুর (মাইজকান্দী)-বোয়ালমারী-গোপালগঞ্জ (ভাটিয়াপাড়া) সড়ককে আঞ্চলিক মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, গোপালগঞ্জ সড়ক সার্কেল, গোপালগঞ্জ
১৫। প্রকল্প পরিচালক, সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভূলতা-মদনপুর রোড (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প,
১৬। প্রকল্প পরিচালক, সিলেট-সুনামগঞ্জ সড়ক উন্নয়ন প্রকল্প, সিলেট সড়ক সার্কেল, সিলেট
১৭। প্রকল্প পরিচালক, মুন্সিগঞ্জ সড়ক বিভাগাধীন ঝুকিপূর্ণ সেতুসমূহ স্থায়ী কংক্রিট সেতু দ্বারা প্রতিস্থাপন (১ম পর্যায়), এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১৮-২৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/গোপালগঞ্জ/বরিশাল/খুলনা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর জোন
২৮। উপসচিব (জিএফডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৭-২০১৮ অর্থবছরের ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত এডিপিভুক্ত গুরুত্বপুর্ণ ৪৭ টি জিওবি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখ : ২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক
উপস্থাপনা :

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে জানান যে, জিওবি অর্থায়নে গৃহীত গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য পৃথকভাবে অনুসরণ করা হয়। এ ধরণের প্রকল্প সংখ্যা ৪৭টি। চলতি অর্থবছরের এডিপিতে এ ৪৭টি প্রকল্পের বিপরীতে মোট বরাদ্দের পরিমাণ ৫৮৩২.৮০ কোটি টাকা, যা এ বিভাগের এডিপি বরাদ্দের ৩২%। ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত মোট ২৭৮৯.৮৭ কোটি টাকা ছাড়পূর্বক ২৫৩৫.৭২ কোটি টাকা (৪৩.৪৭%) ব্যয় হয়েছে। নিম্নে প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত উপস্থাপন করা হলঃ

২. আলোচনা ও সিদ্ধান্তঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ মানিকখালী সেতু নির্মাণসহ আশাশুনি-পাইকগাছা সড়ক উন্নয়ন মেয়াদকাল: (১-৭-১০ হতে ৩০-৬-১৮) প্রাক্কলিত ব্যয় : ১০৮.৮২ কোটি টাকা এডিপি ক্রম : ২	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের সকল কাজ চলমান আছে। মানিকখালি সেতু নির্মাণকাজের দ্বিতীয় দফা দরপত্র আহ্বান করার কারণে জুন ২০১৮ এর পরিবর্তে জুন ২০১৯ পর্যন্ত সময় প্রয়োজন হবে বিধায় মেয়াদবৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা হয়েছে। আইএমইডি শীঘ্রই পরিদর্শন করবে। যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	ক) মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (খুলনা জোন) এবং প্রকল্প পরিচালক
২.২ ভোমরা স্থলবন্দর সংযোগসহ সাতক্ষীরা শহর বাইপাস সড়ক নির্মাণ মেয়াদকাল: (১-৮-১০ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয় : ১৭৬.৬০ কোটি টাকা, এডিপি ক্রম : ৩	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশন ও আইএমইডি'তে প্রেরণ করা হয়েছে। আইএমইডি পরিদর্শন করেছে। আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যহত রাখার এবং আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (খ) আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে। গ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (খুলনা জোন) এবং প্রকল্প পরিচালক
২.৩ বানিয়াচং-আজমিরীগঞ্জ সড়ক নির্মাণ মেয়াদকাল: (১-১২-২০১০ হতে ৩০-০৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১১৬ কোটি এডিপি ক্রম: ৫	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন জানান যে, প্রকল্পটির মেয়াদ ১ বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। আইএমইডি পরিদর্শন করেছে। মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	ক) দ্রুত মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিলেট জোন) ও পরিকল্পনা উইং
২.৪ উজানচর-বাজিতপুর-অষ্ট্রগ্রাম সড়ক উন্নয়ন (বাজিতপুর-অষ্ট্রগ্রাম অংশ) মেয়াদকাল: (১-১-২০১১ হতে ৩১-১২-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৮১.৭৩ কোটি টাকা এডিপি ক্রম: ৬	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন জানান যে, এ প্রকল্পের আওতায় ৪টি এলএ কেইস এর মধ্যে ৩টি এলএ কেইস সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১টি এলএ কেইস সম্পন্ন করার নিমিত্ত চূড়ান্ত প্রাক্কলন প্রাপ্তির বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ অব্যাহত আছে।	ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ময়মনসিংহ জোন), জিএফডিপি শাখা
২.৫ কিশোরগঞ্জ-করিমগঞ্জ-চামড়াঘাট-মিঠামইন সড়ক উন্নয়ন (চামড়াঘাট- মিঠামইন অংশ) মেয়াদকাল: (১-১-২০১১ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৩২.৫৩ কোটি টাকা এডিপি ক্রম: ৭	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন জানান যে, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশন ও আইএমইডি'তে প্রেরণ করা হয়েছে। আইএমইডি প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছে।	ক) দ্রুত মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ রাখতে হবে। খ) প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ময়মনসিংহ জোন) এবং প্রকল্প পরিচালক,

২.৬ ঝিনাইদহ-চুয়াডাঙ্গা-মেহেরপুর-মুজিবনগর সড়ক উন্নয়ন মেয়াদকাল: (১-১-২০১১ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয় : ২৮৬.৭৪ কোটি টাকা এডিপি ক্রম: ৮	জেলা পরিষদের সাথে বৃক্ষ অপসারণ বিষয়ে জটিলতা নিরসন প্রচেষ্টা অব্যাহত আছে। গাছ কাটার বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে জেলা পরিষদ কর্তৃক বৃক্ষ অপসারণ প্রক্রিয়া শুরু করা হয়েছে। বৃক্ষ অপসারণের জটিলতার কারণে এক বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা হয়েছে। আইএমইডি শীঘ্রই পরিদর্শন করবে মর্মে জানা গেছে।	ক) বৃক্ষ অপসারণ বিষয়ে জটিলতা দ্রুত নিরসনের কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (গ) প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরঃ এবং প্রকল্প পরিচালক
২.৭ মাদারীপুর (মোস্তফাপুর)-ভায়া কাজিরটেক ব্রীজ হতে শরীয়তপুর সড়কটি ৪-লেনে উন্নীতকরণ মেয়াদকাল: (১-২-২০১১ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৭৪.৭৩ কোটি টাকা এডিপি ক্রম: ৯	সভায় জানানো হয় যে, প্রকল্পটি জুন ২০১৮ এর মধ্যে সমাপ্তির লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সকল প্যাকেজের কাজ চলমান রয়েছে। আন্তঃখাত বিষয়ে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	আন্তঃখাত সমন্বয় বিষয়ে অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গোপালগঞ্জ জোন) এবং প্রকল্প পরিচালক ও জিওবি অধিশাখা
২.৮ কুষ্টিয়া শহর বাইপাস সড়ক নির্মাণ মেয়াদকাল: (১-১-২০১১ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয় : ৭৮.৩০ কোটি টাকা এডিপি ক্রম: ১০	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের সকল কাজ ৩০ জুন ২০১৮ এর মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে সকল প্রচেষ্টা চলমান আছে। ভেরিয়েশনের প্রস্তাব ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি'তে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। ভেরিয়েশনের প্রস্তাব দ্রুত প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় আরো জানানো হয় যে, ভূমি অধিগ্রহণ খাতে অর্থের ঘাটতি থাকবে। আন্ত:খাত সমন্বয় করে ঘাটতি পূরণের উদ্যোগ গ্রহণের জন্য সভায় বলা হয়। এতেও সংকুলান না হলে রাজস্ব বাজেটে অবশিষ্ট অর্থের সংস্থান রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	ক) ভেরিয়েশন প্রস্তাব দ্রুত অনুমোদনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে ভূমি অধিগ্রহণ খাতে অর্থের ঘাটতি পূরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। গ) আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে ভূমি অধিগ্রহণের জন্য অর্থের সংকুলান না হলে রাজস্ব বাজেটের আওতায় অবশিষ্ট অর্থের সংস্থান রাখতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (খুলনা জোন) এবং প্রকল্প পরিচালক ও জিএফডিপি
২.৯ ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতায় ৪ লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ মেয়াদকাল: (১-৭-২০১৩ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয় : ২৩৯.৭৮ কোটি টাকা এডিপি ক্রম: ১৯	সভায় অবহিত করা হয় যে, অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সাথে সমন্বয় করে স্থানীয় জেলা প্রশাসক ও সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে প্রকল্প এলাকায় বিদ্যমান মসজিদ স্থানান্তর করে বিকল্প স্থানে নতুন মসজিদ পুনঃনির্মাণের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত আছে।	প্রকল্প এলাকায় বিদ্যমান মসজিদ স্থানান্তর করে বিকল্প স্থানে নতুন মসজিদ পুনঃনির্মাণের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)
২.১০ পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি সড়কের রাণীগঞ্জ কুশিয়ারা নদীর উপর সেতু নির্মাণ মেয়াদকাল: (১-৭-২০১৪ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয় : ১৪১.৩৮ কোটি টাকা এডিপি ক্রম: ২০	সভায় অবহিত করা হয় যে, ডিজাইনের বিষয়ে বুয়েটের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সেতুর ফাউন্ডেশনে বুয়েটের ভেটিং পাওয়া গেছে। প্রকল্পের সংশোধিত ডিপিপি শীঘ্রই মন্ত্রণালয়ে দাখিল করা হবে। দ্রুত ডিজাইন সংগ্রহ ও সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হয়।	ক) বুয়েট থেকে সেতুর ডিজাইন দ্রুত সংগ্রহ করতে হবে। খ) সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিলেট জোন) এবং প্রকল্প পরিচালক
২.১১ খাগড়াছড়ি জেলার বিভিন্ন সড়কে পিসি গার্ডার সেতু, আরসিসি সেতু এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ মেয়াদকাল: (১-১-২০১৫ হতে ৩১-১২-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৯০.২৮ কোটি টাকা এডিপি ক্রম: ২৪	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চট্টগ্রাম জোন) জানান যে, সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম চলমান রয়েছে। যথাসময়ে প্রকল্পটি সমাপ্ত করার নির্দেশনা প্রদান করা হয়।	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক

২.১২ ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন মেয়াদকাল: (১-১-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিতব্যয়: ৪৩৮.৩৫ কোটি টাকা এডিপি ক্রম: ১১	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পটির সংশোধিত ডিপিপি'র উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী আরডিপিপি রিকাস্ট করা হচ্ছে। পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক
২.১৩ বিমান বন্দর বাইপাস ইন্টারসেকশন-লালবাগ-সালুটিকর-কোম্পানিগঞ্জ-ভোলাগঞ্জ সড়ককে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ মেয়াদকাল: (১-৩-২০১৫ হতে ২৮-২-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ৪৪১.৫৪ কোটি টাকা এডিপি ক্রম: ২৬	সিলেট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী অবহিত করেন যে, সংশোধিত ডিপিপি ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী যথাসময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অনুমোদিত আরডিপিপি অনুযায়ী যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।	প্রকল্প পরিচালক এবং সওজ জিওবি অধিশাখা
২.১৪ গাজীপুর আজমতপুর-ইটাখোলা সড়কের চরসিন্দুরে শীতলক্ষ্যা নদীর উপর সেতু নির্মাণ মেয়াদকাল: (১-৩-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১১৯.৯৭৮ কোটি এডিপি ক্রম: ২৭	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পে সকল কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদিত হয়েছে। প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্তির নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ঢাকা জোন) ও প্রকল্প পরিচালক এবং সওজ জিওবি অধিশাখা
২.১৫ মহিপাল ফ্লাইওভার নির্মাণ মেয়াদকাল: (১-৪-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৫৮.০০ কোটি টাকা এডিপি ক্রম: ২৮	সভায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ফ্লাইওভারটি ইতোমধ্যে উদ্বোধন করা হয়েছে। কোন কাজ অবশিষ্ট থাকলে দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পটির কোন কাজ অবশিষ্ট থাকলে দ্রুত সম্পন্ন করতে হবে।	৩৪ ইঞ্জিনিয়ার কনসট্রাকশন ব্রিগেড, চট্টগ্রাম এবং কার্যক্রম ও এডিপি শাখা
২.১৬ সোনাপুর (নোয়াখালী)-সোনাগাজী -জোরারগঞ্জ (চট্টগ্রাম) সড়ক উন্নয়ন প্রকল্প মেয়াদকাল: (১-৯-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ২৭২.৬৫ কোটি টাকা এডিপি ক্রম: ৩০	সভায় জানানো হয় যে, প্রকল্পটি ১ম সংশোধন সম্প্রতি অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করা হয়।	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা জোন ও প্রকল্প পরিচালক
২.১৭ কক্সবাজার-টেকনাফ-মেরিন ড্রাইভ সড়ক নির্মাণ (শিলখালী থেকে টেকনাফ) মেয়াদকাল: (১-৭-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ৪৫৫.৮২ কোটি টাকা এডিপি ক্রম: ৩৪	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পটি'র সকল কাজ চলমান রয়েছে। প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করার লক্ষ্যে সকল কার্যক্রম গ্রহণ করার পরামর্শ দেয়া হয়।	প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করতে হবে।	৩৪ ইঞ্জিনিয়ার কনসট্রাকশন ব্রিগেড, চট্টগ্রাম
২.১৮ বাকেরগঞ্জ-পাদ্রীশিবপুর-কাঁঠালতলি-সুবিদখালী-বরগুনা সড়ক প্রশস্থকরণ ও মজবুতীকরণ প্রকল্প মেয়াদকাল: (১-৭-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৪৪.১৯ কোটি টাকা এডিপি ক্রম: ৪১	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের মোট ৭টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজের কাজ শেষ হয়েছে, ২টি প্যাকেজের কাজ মে ২০১৮ মাসের মধ্যে শেষ হবে। বাকী ৫টি প্যাকেজের কাজ জুন ২০১৯ এর মধ্যে শেষ হবে। প্রকল্পের আরডিপিপি ইতোমধ্যে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার এবং সংশোধিত ডিপিপি দ্রুত প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (খ) সংশোধিত ডিপিপি দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল জোন এবং নির্বাহী প্রকৌশলী (বরগুনা)

২.১৯ ফরিদপুর (বদরপুর) সালথা-সোনাপুর-মুকসুদপুর সড়ক উন্নয়ন মেয়াদকাল: (১-১-২০১৬ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১০৭.৪৮ কোটি টাকা এডিপি ক্রম: ৪৩	প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের পিআইসি ও পিএসসি কমিটি গঠন করা হয়েছে। পিআইসি ও পিএসসি সভা আয়োজনপূর্বক সুপারিশের আলোকে কার্যক্রম গ্রহণ এবং প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করা হয়।	ক) দ্রুত পিআইসি ও পিএসসি সভা আয়োজন করে সভার সুপারিশের আলোকে কার্যক্রম গ্রহণ করতে হবে। খ) প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান, প্রকৌশলী, গোপালগঞ্জ জোন ও প্রকল্প পরিচালক
২.২০ সীমান্ত সড়ক নির্মাণ (নেত্রকোনা ও ময়মনসিংহ জেলা অংশ) মেয়াদকাল: (১-১-২০১৬ হতে ৩১-১২-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ৪৫৭.৩০ কোটি টাকা এডিপি ক্রম: ৪৪	প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ প্রকল্পের ৯টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। আরো ১টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। অবশিষ্ট প্যাকেজসমূহে দরপত্র মূল্যায়ন চলছে। শীঘ্রই সড়কের দরপত্র আহবান করা হবে।	দরপত্র প্রক্রিয়াকরণ দ্রুত সম্পন্ন করে সকল প্যাকেজের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ জোন ও ব্রীজ ডিজাইন ইউনিট
২.২১ সদ্রাইল-আলফাডাঙ্গা-কাশিয়ানী সড়কের উন্নয়নসহ ফরিদপুর (মাইজকান্দী)-বোয়ালমারী-গোপালগঞ্জ (ভাটিয়াপাড়া) সড়ককে আঞ্চলিক মহাসড়কে উন্নীতকরণ মেয়াদকাল: (১-৪-২০১৬ হতে ৩১-১২-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১৯৫.৫৮ কো টি টাকা এডিপি ক্রম: ৪৬	সভাকে জানানো হয় যে, প্রকল্পের মোট ৭টি প্যাকেজের মধ্যে সকল প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রকল্পের ডিপিপি'র বিশেষ সংশোধনী প্রস্তাবের উপর অভ্যন্তরীণ যাচাই কমিটি'র সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে।	(ক) প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। (খ) প্রকল্পের বিশেষ সংশোধনের লক্ষ্যে পুনর্গঠিত ডিপিপি দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গোপালগঞ্জ জোন) ও প্রকল্প পরিচালক এবং সওজ জিওবি অধিশাখা
২.২২ সাপোর্ট টু জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর রোড (ঢাকা বাইপাস) পিপিপি প্রকল্প মেয়াদকাল: (১-৭-২০১৫ হতে ৩০-৬-২০২০) প্রাক্কলিত ব্যয়: ২৩৬.৫০ কোটি টাকা এডিপি ক্রম: ৪৭	সভাকে জানানো হয় যে, ৫টি প্যাকেজের মধ্যে ৩টি ভূমি অধিগ্রহণ সমাপ্ত হয়েছে। ২টির ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রণয়নের কাজ চলমান। ১টি ভূমি অধিগ্রহণ প্রাক্কলন পাওয়া গেলে অতি শীঘ্রই সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হবে।	ভূমি অধিগ্রহণের প্রাক্কলন দ্রুত প্রাপ্তির বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
২.২৩ জাতীয় মহাসড়ক এন-৮ এর ভুরঘাটা-বরিশাল-লেবুখালী সেতু পর্যন্ত সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ প্রকল্প মেয়াদকাল: (১-৭-২০১৫ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১০৫.৭৬ কোটি টাকা এডিপি ক্রম: ৪৮	সকল প্যাকেজের কাজই দ্রুতগতিতে চলমান। প্রকল্প মেয়াদের মধ্যে কাজ শেষ হবে।	নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত করতে হবে।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
২.২৪ সিলেট-সুনামগঞ্জ সড়ক উন্নয়ন প্রকল্প মেয়াদকাল: (১-১-২০১৬ হতে ৩০-৬-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ১৪০.৬৫ কোটি টাকা এডিপি ক্রম: ৪৯	সভাকে জানানো হয় যে, ১টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। ২টি প্যাকেজের দরপত্র পুনঃআহ্বান করা হয়েছিল। কিন্তু মামলার কারণে স্থগিতাদেশ এর প্রেক্ষিতে দরপত্র বাতিল করা হয়। উক্ত ২টি প্যাকেজের দরপত্র স্থগিতাদেশ প্রত্যাহার হয়েছে এবং দরপত্র আহ্বান করা হয়েছে।	দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিলেট জোন)
২.২৫ বড়তাকিয়া (আবু তোরাব) থেকে মিরেরসরাই ইপিজেড সংযোগ সড়ক নির্মাণ মেয়াদকাল: (১-১-২০১৬ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১২৩.৫৭ কোটি টাকা এডিপি ক্রম: ৫৫	সভাকে জানানো হয় যে, প্রকল্পের আওতায় ১টি এলএ কেইসের ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে এবং ১টি ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন আছে। ১ম প্যাকেজের আওতায় সার্ভে কার্যক্রম সম্পন্ন করে সড়কের এলাইনমেন্ট নির্ধারণ করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে, ২য় প্যাকেজের আওতায় এলাইনমেন্ট নির্ধারণ কার্যক্রম চলছে এবং ৩য় প্যাকেজের আওতায় সেতু/কালভার্ট এর নির্মাণ কাজ চলমান রয়েছে। ভূমি অধিগ্রহণ সম্পন্ন করে দ্রুত প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার এবং যথাসময়ে সমাপ্তির উদ্যোগ গ্রহণের পরামর্শ দেয়া হয়।	(ক) ভূমি অধিগ্রহণ সম্পন্ন করে দ্রুত প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। (খ) প্রকল্পটি যথাসময়ে সমাপ্তির কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চট্টগ্রাম জোন)

২.২৬ * ঢাকা-খুলনা (এন-৮) মহাসড়কের যাত্রাবাড়ী ইন্টার সেকশন থেকে (ইকুরিয়া-বাবুবাজার লিংক সড়কসহ) মাওয়া পর্যন্ত এবং পাঁচ্চর-ভাঙ্গা অংশ ধীরগতির যানবাহনের জন্য পৃথক লেনসহ ৪-লেনে উন্নীতকরণ মেয়াদকাল: (১-৩-২০১৬ হতে ৩০-৬-২০২০) প্রাক্কলিত ব্যয়: ৬২৫২.২৯ কোটি টাকা এডিপি ক্রম: ৫৯	সভায় জানানো হয় যে, ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি শিফটিং এর বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর/সংস্থাসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রাখা হচ্ছে। ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি শিফটিং বিষয়ে কর্মশালা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। পিএসসি কমিটির সভার সুপারিশ অনুযায়ী প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ইউটিলিটি শিফটিং এর জরুরী বরাদ্দের প্রস্তাব ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ইউটিলিটি শিফটিং খাতে জরুরী বরাদ্দের প্রস্তাবও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ইউটিলিটি শিফটিং খাতে জরুরী বরাদ্দ এবং ডিপিপি সংশোধনের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি শিফটিং এর কাজ এগিয়ে নিতে রেললাইনের সংস্থান, ওয়াসা, বিদ্যুৎ, গ্যাস, বিভিন্ন লাইন/সংযোগ স্থাপন ইত্যাদি যথাযথভাবে প্রকল্পে অন্তর্ভুক্তি/নির্ধারণের বিষয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে। (খ) কর্মশালায় ভূমি মন্ত্রণালয়, রেলওয়ে ডিটিসিএ, বুয়েট, ওয়াসা, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি সহ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের আমন্ত্রণ জানাতে হবে। (গ) ইউটিলিটি শিফটিং খাতে জরুরী বরাদ্দ এবং সংশোধিত ডিপিপি অনুমোদন বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ রাখতে হবে।	বাংলাদেশ সেনাবাহিনীর এসডব্লিউও (পশ্চিম)
২.২৭ পাঁচদোনা-ডাঙ্গা-ঘোড়াশাল জেলা মহাসড়ককে একস্তর নীচু দিয়ে উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেনসহ ৪-লেনে উন্নীতকরণ (ডাঙ্গা বাজার-ইসলামপুর লিংকসহ) মেয়াদকাল: (১-৭-২০১৭ হতে ৩০-৬-২০২০) প্রাক্কলিত ব্যয়: ৯৩৭.৬৩ কোটি টাকা এডিপি ক্রম: ৬৪	সভায় জানানো হয় যে, অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন চলমান রয়েছে। ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান রয়েছে।	(ক) ভূমি অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ঢাকা জোন)
২.২৮ শ্যামগঞ্জ-জারিয়া-বিরিশিরি-দুর্গাপুর জেলা মহাসড়ককে জাতীয় মহাসড়কমানে উন্নয়ন মেয়াদকাল: (১-১০-২০১৬ হতে ৩০-৬-২০২০) প্রাক্কলিত ব্যয়: ৩১৬.০২ কোটি টাকা এডিপি ক্রম: ৬৮	সভায় জানানো হয় যে, প্রকল্পের ৫টি প্যাকেজের মধ্যে ৪টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। বাস্তব অগ্রগতি ৩৭%। অবশিষ্ট ১টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন চলছে।	দ্রুত দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ময়মনসিংহ জোন)
২.২৯ গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার সড়কে সুরমা নদীর উপর ছাতক সেতুর অবশিষ্ট কাজ সমাপ্তকরণ মেয়াদকাল: (১-৭-২০১৬ হতে ৩০-৬-২০১৮) প্রাক্কলিত ব্যয়: ১১২.৯৯ কোটি টাকা এডিপি ক্রম: ৬৯	সভায় জানানো হয় যে, ভূমি অধিগ্রহণ অনুমোদনের জন্য উদ্যোগ অব্যাহত আছে। সেতুর পিয়ারের পাইলিং এর কাজ চলমান। পিআইসি সভার সিদ্ধান্ত মোতাবেক নতুন নীতিমালা অনুসরণ করে ভূমি অধিগ্রহণের মূল্য নির্ধারণ করে সংশাধিত ডিপিপি দাখিল করা হবে।	(ক) দ্রুত ভূমি অধিগ্রহণ অনুমোদনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। (খ) সেতুর নির্মাণকাজ ত্বরান্বিত করতে হবে।	প্রকল্প পরিচালক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিলেট জোন)
২.৩০ মুন্সিগঞ্জ সড়ক বিভাগাধীন ঝুঁকিপূর্ণ সেতুসমূহ স্থায়ী কংক্রিট সেতু দ্বারা প্রতিস্থাপন (১ম পর্যায়) মেয়াদকাল: (১-১-২০১৭ হতে ৩০-৬-২০২০) প্রাক্কলিত ব্যয়: ১৪৭.৮২ কোটি টাকা এডিপি ক্রম: ৭৩	সভায় জানানো হয় যে, সেতু নির্মাণকাজ চলমান রয়েছে। জুন ২০১৮ এর মধ্যে ১০ টি শেষ হবে। সেতুসমূহ যথাসময়ে সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সেতুসমূহের নির্মাণ যথাসময়ে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, মুন্সিগঞ্জ

২.৩১ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (গোপালগঞ্জ জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৩৯৫.৪৯ কোটি টাকা এডিপি ক্রম: ৭৮	প্রকল্পের মোট প্যাকেজ সংখ্যা ৪টি। ৩টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ১টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন সমাপ্ত হয়েছে। ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। ২টি এলএ কেসের প্রাক্কলন পাওয়া গিয়েছে এবং ২টি এলএ কেসের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাক্কলন প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। ইউটিলিটি শিফটিং কাজ চলমান আছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে।	(ক) সকল টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। (খ) ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি শিফটিং দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (গোপালগঞ্জ জোন) ও প্রকল্প পরিচালক
২.৩২ আলীকদম-জালানীপাড়া-কুরুকপাতা-পোয়ামুহুরী সড়ক নির্মাণ মেয়াদকাল: (১-১-২০১৭ হতে ৩০-০৬-১৯) প্রাক্কলিত ব্যয়: ৩৭৪.০০ কোটি টাকা এডিপি ক্রম: ৭৯	সভায় জানানো হয় যে, প্রকল্পের কাজ চলমান আছে। এলজিইডি'র ৪.৯ কিলোমিটার সড়ক সওজ অধিদপ্তরের স্ট্যান্ডার্ড মোতাবেক ১২ ফুট এর স্থলে ১৮ ফুট করার বিষয়ে এলজিইডি'র সাথে যোগাযোগ রাখা হচ্ছে। জটিলতা নিরসনের উদ্যোগ অব্যাহত রাখার পরামর্শ দেয়া হয়।	এলজিইডি'র ৪.৯ কিলোমিটার সড়ক সওজ অধিদপ্তরের স্ট্যান্ডার্ড মোতাবেক ১২ ফুট এর স্থলে ১৮ ফুট করার বিষয়ে প্রচেষ্টা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও ৩৪ ইঞ্জিনিয়ার কনসট্রাকশন ব্রিগেড, চট্টগ্রাম
২.৩৩ যশোর-খুলনা জাতীয় মহাসড়কের যশোর অংশ (পালবাড়ী হতে রাজঘাট অংশ) যথাযথ মানে উন্নীতকরণ মেয়াদকাল: (১-১-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৩২১.৫৬ কোটি টাকা এডিপি ক্রম: ৮১	সভাকে জানানো হয় যে, ইউটিলিটি শিফটিং এর প্রক্রিয়া চলমান। প্রকল্পের ১টি প্যাকেজের কাজ শুরু হয়েছে। অন্য ১টি প্যাকেজের দরপত্র অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।	(ক) ইউটিলিটি শিফটিং কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। (খ) দরপত্র অনুমোদনের জন্য দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (খুলনা জোন) ও প্রকল্প পরিচালক এবং উন্নয়ন উইং
২.৩৪ বগাছড়ি-নানিয়ারচর-লংগদু সড়কের ১০ তম কিলোমিটারে চেংগী নদীর উপর ৫০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ মেয়াদকাল: (১-১১-২০১৬ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ১৫৭.২১ কোটি টাকা এডিপি ক্রম: ৮৩	সভায় জানানো হয় যে, সেতুর নির্মাণ কাজ শুরু হয়েছে। প্রকল্পের পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিআইসি কমিটির সুপারিশ অনুযায়ী আরডিপিপি প্রণীত হচ্ছে। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	(ক) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। খ) আরডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	৩৪ ইঞ্জিনিয়ার কনসট্রাকশন ব্রিগেড, চট্টগ্রাম, সওজ অধিদপ্তর ও পরিকল্পনা উইং
২.৩৫ যশোর-বেনাপোল জাতীয় মহাসড়ক (এন-৭০৬) যথাযথ মানে ও প্রশস্থতায় উন্নীতকরণ মেয়াদকাল: (১-১-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৩২৮.৯৩ কোটি টাকা এডিপি ক্রম: ৮৪	সভাকে জানানো হয় যে, পরিবেশবাদীদের ও সামাজিক আন্দোলনের ফলে আদালত কর্তৃক এ প্রকল্পের আওতায় যশোর-বেনাপোল মহাসড়কের বৃক্ষ অপসারণে নিষেধাজ্ঞা আরোপ করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে অগ্রসর হওয়া যাচ্ছে না। এ পরিস্থিতিতে সওজ অধিদপ্তর কর্তৃক সড়কটি পিএমপি'র আওতায় মেরামতের প্রস্তাব করা হয়। প্রকল্প চলাকালে এর আওতাধীন সড়ক পিএমপি'র মাধ্যমে মেরামত পরিকল্পনা শৃঙ্খলার পরিপন্থী বিধায় এ প্রকল্প চলমান রাখা বা না রাখা এবং মহাসড়কটি মেরামতের বিষয়ে পরিপত্রের বিধি-বিধান অনুযায়ী পদক্ষেপ গ্রহণ প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। সভায় জানানো হয় যে, প্রকল্পটি সংসদীয় কমিটিতে উপস্থাপন করা হবে। বিধি বিধান ও সংসদীয় কমিটির সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	আদালতের নিষেধাজ্ঞার প্রেক্ষিতে প্রচলিত বিধি বিধান ও সংসদীয় কমিটির সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (খুলনা জোন) ও প্রকল্প পরিচালক
২.৩৬ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (ঢাকা জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৫৯১.৭৫কোটি টাকা এডিপি ক্রম: ৮৫	সভায় জানানো হয় যে, ৮টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের কাজ ত্বরান্বিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (ঢাকা জোন) ও প্রকল্প পরিচালক

২.৩৭ হেমায়েতপুর-সিংগাইর-মানিকগঞ্জ আঞ্চলিক মহাসড়ক (আর-৫০৪) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ মেয়াদকাল: (১-১-২০১৭ হতে ৩০-৯-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ২৫৫.৩০কোটি টাকা এডিপি ক্রম: ৮৭	সভায় জানানো হয় যে, ৪টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজের কার্যক্রম চলমান রয়েছে। অবশিষ্ট ১টি প্যাকেজের ভূমি অধিগ্রহণের কাজ চলমান। ভূমি অধিগ্রহণ কাজ সমাপ্তির পর দরপত্র আহ্বান করা হবে।	ভূমি অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করে অবশিষ্ট প্যাকেজের দরপত্র আহ্বান করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (ঢাকা জোন) ও প্রকল্প পরিচালক
২.৩৮ ফেরী ও পন্টুন নির্মাণ/পুনর্বাসন (২য় পর্যায়)	সভাকে অবহিত করা হয় যে, ফেরী ও পন্টুন নির্মাণ/পুনর্বাসন (২য় পর্যায়) প্রকল্পটির অনুকূলে আরএডিপিতে বরাদ্দ পাওয়া গেছে। দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পটির দরপত্র প্রক্রিয়াকরণ করে কার্যক্রম শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), প্রকল্প পরিচালক, ও পরিকল্পনা উইং
২.৩৯ থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ মেয়াদকাল: (০১-০১-১৭ হতে ৩০-০৬-২০) প্রাক্কলিত ব্যয়: ৪৬৯.৫৩৪৫ কোটি টাকা এডিপি ক্রম:	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিতে অতিরিক্ত অর্থ বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার পরামর্শ প্রদান করা হয়।	প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	২৪ ইঞ্জিনিয়ার কনসট্রাকশন ব্রিগেড
২.৪০ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (চট্টগ্রাম জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৪৩৬ কোটি টাকা এডিপি ক্রম:	সভায় উল্লেখ করা হয় যে, ৪টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজের দরপত্র অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন আছে। ১টি প্যাকেজের ভূমি অধিগ্রহণ সম্পন্ন হলে দরপত্র আহ্বান করা হবে। ভূমি অধিগ্রহণ ও টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম শুরু করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।	ভূমি অধিগ্রহণ ও টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (চট্টগ্রাম জোন) ও প্রকল্প পরিচালক
২.৪১ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (কুমিল্লা জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৪৭৬.৩৯ কোটি টাকা এডিপি ক্রম:	সভাকে অবহিত করা হয় যে, সকল প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (কুমিল্লা জোন) ও প্রকল্প পরিচালক
২.৪২ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (সিলেট জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৫৬০.৮৩ কোটি টাকা এডিপি ক্রম:	সভাকে অবহিত করা হয় যে, ৩টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ৩টি প্যাকেজের নোটিফিকেশন অফ অ্যাওয়ার্ড ইস্যু হয়েছে। পিজি দাখিল করা হলে কার্যাদেশ প্রদান করা হবে। ১টি প্যাকেজের দরপত্র অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে।	সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সিলেট জোন) ও প্রকল্প পরিচালক
২.৪৩ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (বরিশাল জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) প্রাক্কলিত ব্যয়: ৫২১.৫২ কোটি টাকা এডিপি ক্রম:	সভাকে অবহিত করা হয় যে, মোট ১৫টি প্যাকেজের মধ্যে ১১টি প্যাকেজের মূল্যায়ন শেষে নোটিফিকেশন অফ অ্যাওয়ার্ড/নোটিশ টু কমেন্স প্রদান করা হয়েছে এবং ইতোমধ্যে ৫টি প্যাকেজের কাজ শুরু হয়েছে। সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করা হয়।	সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (বরিশাল জোন) ও প্রকল্প পরিচালক

২.৪৪ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (খুলনা জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) **প্রাক্কলিত ব্যয়:** ৫৯৯.৭৪ কোটি টাকা **এডিপি ক্রম:**	সভাকে অবহিত করা হয় যে, ইউটিলিটি শিফটিং এর প্রক্রিয়া চলমান। ৮টি প্যাকেজের দরপত্র অনুমোদন হয়েছে। ৩টি প্যাকেজের কাজ চলমান। ১টি প্যাকেজের দরপত্র অনুমোদন প্রক্রিয়া আদালতে মামলার কারণে বিলম্বিত হচ্ছে।	সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (খুলনা জোন) ও প্রকল্প পরিচালক
২.৪৫ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (রাজশাহী জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) **প্রাক্কলিত ব্যয়:** ৪৩৮.৯৫ কোটি টাকা **এডিপি ক্রম:**	সভাকে অবহিত করা হয় যে, ১২টি প্যাকেজের মধ্যে ১০টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ১টি প্যাকেজের অনুমোদন প্রক্রিয়াধীন। ১টি প্যাকেজের পুন:দপরপত্র আহবান করতে হবে। সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (রাজশাহী জোন) ও প্রকল্প পরিচালক
২.৪৬ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (রংপুর জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) **প্রাক্কলিত ব্যয়:** ৫৯৮.১০ কোটি টাকা **এডিপি ক্রম:**	সভায় জানানো হয় যে, ০৯টি প্যাকেজের মধ্যে ০৭টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ১টি প্যাকেজের মূল্যায়ন প্রক্রিয়াধীন। ১টির দরপত্র আহ্বান করা হয়েছে।	সকল প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (রংপুর জোন) ও প্রকল্প পরিচালক
২.৪৭ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (ময়মনসিংহ জোন) মেয়াদকাল: (১-৩-২০১৭ হতে ৩১-১২-২০১৯) **প্রাক্কলিত ব্যয়:** ৭৯৮.১৫ কোটি টাকা **এডিপি ক্রম:**	সভায় জানানো হয় যে, ০৯টি প্যাকেজের মধ্যে ০৬টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ১টি মূল্যায়ন করে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২টি প্যাকেজ ভূমি অধিগ্রহণ সম্পন্ন হলে দরপত্র আহ্বান করা হবে। যৌথ সার্ভে সম্পন্ন হয়েছে।	ভূমি অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (ময়মনসিংহ জোন)
২.৪৮ বিবিধ	সওজ অধিদপ্তরের আরবরিকালচার কার্যক্রম জোরদারের জন্য অননুমোদিত প্রকল্প তালিকায় থাকা প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গুরুত্বারোপ করা হয়। সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সংশোধন, আন্তঃখাত সমন্বয় অথবা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন যথাসময়ে সেগুলোর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা জরুরি।	(ক) এডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় থাকা সওজ অধিদপ্তরের আরবরিকালচার এর কার্যক্রম জোরদারের লক্ষ্যে প্রকল্পের ডিপিপি জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (খ) সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের মধ্যে যেগুলো সংশোধন, আন্তঃখাত সমন্বয় অথবা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন যথাসময়ে সেগুলোর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রধান প্রকৌশলী সওজ অধিদপ্তর

৩. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও আরো উদ্যোগী হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/৪/১৮

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

D:\NASIMA ALL\Minutes ADP Review meeting 2017-2018\ADP Minutes 48 GoB new 2.docx.70